


# গুলশানের নিরাপত্তা তদারকি করলেন আনিসুল হক


প্রকাশিত: ১০:২২ এ.এম, ১৫ জুলাই ২০১৬



জঙ্গি হামলার পর রাজধানী গুলশানের নিরাপত্তা ব্যবস্থা তদারকি করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। শুক্রবার সকালে গুলশান-১ ও ২ নম্বরের বিভিন্ন গলি ও মহল্লা ঘুরে দেখেন তিনি। এ সময় পুলিশের গুলশান বিভাগের উপ-কমিশনার (ডিসি) মোস্তাক আহমেদ তার সঙ্গে ছিলেন।



আনিসুল হক গুলশানের হলি আর্টিসান রেস্টুরেন্টের পাশের লেক, কূটনীতিক পাড়া, বিভিন্ন দেশের দূতাবাসের সড়কসহ বিভিন্ন আবাসিক হোটেল এলাকার নিরাপত্তা তদারকি করেন। এ সময় মেয়র এবং ডিসি সাংবাদিকদের সঙ্গে কথা না বললেও ঘটনাস্থলে উপস্থিত এক কর্মকর্তা জাগো নিউজকে বলেন, পুলিশ ও সিটি কর্পোরেশন সমন্বয় করে গুলশানের নিরাপত্তা বৃদ্ধি করা হবে।

 Anisul-hak

এদিকে, গুলশানের নিরাপত্তার অংশ হিসেবে ডিএনসিসির উদ্যোগে ইতোমধ্যে প্রায় সাড়ে ৬শ' সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। আগামী একবছরের মধ্যে আরো হাজারখানেক সিসি ক্যামেরা স্থাপনের কথা পরিকল্পনা রয়েছে ডিএনসিসি।

উল্লেখ্য, গত ১ জুলাই গুলশানের আর্টিসান রেস্টোরাঁয় হামলা চালায় জঙ্গিরা। এসময় তারা ১৭ জন বিদেশি, দুই বাংলাদেশি ও একজন বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন নাগরিককে হত্যা করে।

এআর/আরএস/এমএস